ভাষা এবং সাক্ষরতা

# শিশু সাহিত্য জানা এবং ব্যবহার করা

## Knowing and using children's literature





ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

*TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট)-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছেন যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।*

*ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/)। OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERs-কে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।*

*TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।*

***ভিডিও সম্পদসমূহ***

*এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে:*  *। এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।*

*সংস্করণ 1.0 LL08v1*
*West Bengal*

*তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যর্থায় বর্ণিত না হলে এই সামগ্রী ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/*

*TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government*

# এই ইউনিটের বিষয়বস্তু

ভারতে মৌখিক ও লিখিত সাহিত্যের একটা সমৃদ্ধ ঐতিহ্য রয়েছে। বাচ্চাদের গল্প ও কবিতার গভীর জ্ঞান দিয়ে আপনি আপনার শিক্ষার্থীদের এই পরম্পরাকে মূল্য দিতে ও উপভোগ করতে উৎসাহিত করতে পারেন এবং আমাদের জাতির ভাষা, ইতিহাস ও সংস্কৃতি আদান-প্রদান করতে পারেন।

এই ইউনিটে আপনি:

- শিশু সাহিত্য সম্বন্ধে আপনার জ্ঞান পর্যালোচনা করবেন ও আপনি যা জানেন তা প্রসারিত করতে পদক্ষেপ নেবেন
- বাচ্চাদের গল্পের বৈশিষ্ট্য দেখবেন
- সাহিত্যের সঙ্গে আপনার শিক্ষার্থীদের পরিচয় করাতে কিছু সহজ শ্রেণিকক্ষের অ্যাক্টিভিটি বাস্তবায়িত করবেন।

# এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- কীভাবে আপনার সাহিত্যের জ্ঞান নিরীক্ষণ ও সম্প্রসারিত করবেন যা আপনার শিক্ষার্থীদের ক্ষেত্রে যথাযথ হবে।
- কীভাবে উচ্চ-মানের শিশু সাহিত্যের বৈশিষ্ট্য শনাক্ত করবেন।
- শ্রেণিকক্ষে গল্প ও কবিতা ব্যবহারের কৌশল।

# কেন এই পদ্ধতি গুরুত্বপূর্ণ

গল্প ও কবিতা বাচ্চাদের তাৎক্ষণিক অভিজ্ঞতার বাইরে তাদের দুনিয়াকে সমৃদ্ধ করার একটা অসাধারণ সম্পদ প্রদান করে এবং একই সাথে তাদের ধারণক্ষম ও ফলদায়ক ভাষাগত দক্ষতার বিকাশ ঘটায়। গোড়ার দিকে গল্প ও কবিতা শোনার ইতিবাচক অভিজ্ঞতা বাচ্চাদের নিজেদের গল্প ও কবিতা পড়ার ইচ্ছাকে অনুপ্রাণিত করবে, এবং এইভাবে তাদের স্বাক্ষরতা উন্নয়নে অবদান দেবে। এই ইউনিট উপভোগ্য পদ্ধতিতে আপনার শিক্ষার্থীদের ভাষা এবং স্বাক্ষরতা দক্ষতা বৃদ্ধি করতে, আপনাকে শ্রেণিকক্ষে আপনার প্রথাগত ও আধুনিক গল্প ও কবিতার জ্ঞানকে ব্যবহার করতে উৎসাহিত করে।

# 1 শিশু সাহিত্য সম্বন্ধে আপনার জ্ঞান নিরীক্ষণ ও প্রসারিত করা

শিশু সাহিত্য সম্বন্ধে আপনার নিজস্ব জ্ঞান নিরীক্ষণের মাধ্যমে আপনি শুরু করবেন।

## অ্যাক্টিভিটি 1: শিশু সাহিত্য সম্বন্ধে আপনার জ্ঞান নিরীক্ষণ করা

আপনি আপনার শিক্ষার্থীদের কাছে সাহিত্যের প্রধান উৎস হতে পারেন। বই থেকে পড়া বা স্মৃতি থেকে স্মরণ করে বলার জন্য আপনার বিভিন্ন গল্প ও কবিতা জানা গুরুত্বপূর্ণ, যা আপনার শিক্ষার্থীদের বয়স ও স্তর অনুযায়ী উপযুক্ত।

এই নিরীক্ষণটি পরীক্ষা নয়। এর লক্ষ্য হল শিশু সাহিত্য সম্বন্ধে আপনার জ্ঞানের প্রসঙ্গে আপনার সূচনা বিন্দুটি শনাক্ত করতে সাহায্য করা। আপনার উত্তরের সঙ্গে যতটা সম্ভব সৎ হতে চেষ্টা করুন। মাথায় আসা যে কোন উদাহরণ লিখে রাখুন। একই সময়ে আপনার সহকর্মীদের তাদের জ্ঞান নিরীক্ষণ করতে বলুন। শেষে তাদের সঙ্গে আপনার উত্তর আদান-প্রদান করাটা আকর্ষণীয় হবে।

আপনি কি স্মৃতি থেকে আবৃত্তি করতে পারবেন:

- বাচ্চাদের জন্য একটা কবিতা?
- একটা ছড়া যা বাচ্চারা বলতে পারে?

আপনি কি স্মৃতি থেকে বলতে পারবেন:

- বাচ্চাদের জন্য একটা লোক কাহিনী?
- একটা সংক্ষিপ্ত ঐতিহাসিক আখ্যান?

আপনি কি নাম বলতে পারেন:

- বাচ্চাদের গল্প বা লোক কাহিনীর একটা চরিত্রের?
- বাচ্চাদের জন্য একটা কবিতা বা ছড়ার একটা চরিত্রের?

আপনি কি নাম বলতে পারেন:

- বাচ্চাদের একটা গল্পের বইয়ের?
- বাচ্চাদের একটা কবিতার বইয়ের?
- ভারতীয় কোন শিশু সাহিত্যিকের?
- কোন ভারতীয় ছোটদের কবির?

যদি পারেন, আপনার সহকর্মীদের সঙ্গে আপনার নিরীক্ষণ ও চিন্তাভাবনা তুলনা করুন।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনার ও আপনার সহকর্মীদের কি শিশুদের পাঠ্য ও লেখকদের সম্বন্ধে অনুরূপ বা ভিন্ন জ্ঞান রয়েছে? আপনার কি আদান-প্রদান করার মত জ্ঞান আছে?
- আপনার শৈশবের একই গল্প ও কবিতাগুলো কি বর্তমানের বাচ্চাদের বলেছেন?
- আপনি কি আপনার শ্রেণিকক্ষে এই গল্প বা কবিতাগুলোর কোনোটা ব্যবহার করেন? কেন, বা কেন নয়?

আপনি সম্ভবত আপনার শৈশব থেকে কিছু গল্প বা কবিতা স্মরণ করতে পারেন। আপনার হয়ত একটা নীতিবাক্য সহ একটা লোক কাহিনী বা বাচ্চাদের ভাল আচরণের জন্য সতর্কবাণী, অথবা ছড়া যা আপনি বিদ্যালয়ের মাঠে পুনরাবৃত্তি করেছেন তা মনে থাকতে পারে। আপনি বাড়িতে, গোষ্ঠীতে, এবং বিদ্যালয়ে এই সমস্ত গল্প ও কবিতা শিখে থাকতে পারেন – হয়তো কখনও বইয়েও সেগুলো পড়েননি। আপনি লোক কাহিনী বা কবিতার সঙ্গে বেশি পরিচিত হলেও, আপনার সহকর্মীরা বাচ্চাদের লেখক যেমন আর. কে. নারায়ণন, দক্ষিনারঞ্জন বসু, আবুল বাশার, অবনীন্দ্র নাথ ঠাকুর, জিম করবেট-এর মত লেখকের গল্প স্মরণ করতে পারেন। বাচ্চারা বর্তমানে এই একই গল্পগুলো পড়তেও পারে বা নাও পড়তে পারে। বাচ্চারা অনেক নতুন গল্পেও আগ্রহী হয়, সেটা টেলিভিশন, কমিক সিরিজ বা স্থানীয় পৌরাণিক কাহিনী যা কিছুই হতে পারে। এই পুরনো ও নতুন গল্পগুলো আপনার শ্রেণিকক্ষে সম্পদ হিসাবে ব্যবহার করা যেতে পারে, সুতরাং পড়ানোর সময় গল্পের সংগ্রহ বাড়াতে এটা সহায়ক।

### অ্যাক্টিভিটি 2: শিশু সাহিত্য সম্বন্ধে আপনার জ্ঞান বাড়ানো

এবার আপনার নিরীক্ষণের ওপর ভিত্তি করে গড়ে তুলতে একটা পরিকল্পনা তৈরি করুন। নিজে একটা পড়ার লক্ষ্য স্থির করুন:

- দু'জন শিশু সাহিত্যিক যাঁরা আপনার কাছে নতুন
- দু'জন শিশুদের কবি যাঁরা আপনার কাছে নতুন

আপনার সহকর্মীদের সঙ্গে আপনার ধারণা আদানপ্রদান করুন।

# 2 শ্রেণিকক্ষে ব্যবহারের জন্য সাহিত্য বেছে নেওয়া

পরবর্তী কেস স্টাডিতে, একজন শিক্ষক একটা বইমেলায় গেছেন এবং সেখানে তিনি যা পেয়েছেন সেগুলোকে কীভাবে শ্রেণিকক্ষের ভাষা এবং স্বাক্ষরতা পড়ানোয় ব্যবহার করবেন সে বিষয়ে ভাবছেন।

## কেস স্টাডি 2: শ্রীমতি অপরাজিতা বসু তাঁর শিক্ষার্থীদের জন্য ভারতীয় শিশু সাহিত্য খুঁজছেন

*শ্রীমতি অপরাজিতা বসু  কোলকাতার ষষ্ঠ  শ্রেণির শিক্ষিকা।*

আমি আমার শ্রেণিকক্ষে নতুন বই আনতে চাই। এগুলো কেনার জন্য আমাকে প্রধান শিক্ষক শ্রী মনোজ  পাত্র-এর কাছ থেকে অনুমতি নিতে হত, তিনি সম্মত হয়েছিলেন যে আমি বিদ্যালয়ের বাজেটের কিছু অংশ বই কিনে খরচ করতে পারি, যা পুরো বিদ্যালয়ে উপলব্ধ হবে।

আকর্ষণীয় বই খোঁজার জন্য আমি কোলকাতা বইমেলায় গিয়েছিলাম। কমিক্স থেকে দীর্ঘ উপন্যাস পর্যন্ত বাচ্চাদের বিভিন্ন ধরনের পড়ার উপাদান দেখে আমি সম্পূর্ণভাবে অভিভূত হয়ে গেলাম। তার মধ্যে অনেকগুলোই বিদেশ থেকে এসেছিল। "*গ্রিম'স ফেয়ারি টেল্‌স*"-এর বিভিন্ন কপিগুলোর মধ্যে থেকে ভারতীয় গল্পগুলো খুঁজে পাওয়ার জন্য আমাকে সত্যিই অনেক খোঁজাখুঁজি করতে হয়েছিল। আমি মনে করি যে সকল বাবা-মায়ের ছেলেমেয়েরা ইংরেজি মাধ্যম বিদ্যালয়ে পড়ে, তাঁরাই বড় বই প্রকাশকদের লক্ষ্য। অবশেষে আমার শ্রেণির জন্য উপযুক্ত আকর্ষণীয় শিশু সাহিত্যে পূর্ণ সরস্বতী প্রেসের স্টল খুঁজে পেলাম।

আমি আমার শিক্ষার্থীদের আনন্দের জন্য জোরে জোরে বই পড়তে শুরু করলাম। পরে, যখন তারা গল্পগুলোর সঙ্গে পরিচিত হল, আমি তখন পাঠ্যের উপর নির্ভর করে স্বাক্ষরতা উন্নয়নের অ্যাক্টিভিটি পরিকল্পনা করতে শুরু করলাম। যখন একটা গল্প বা কবিতা উচ্চমানের হয়, এটাকে ঘিরে অ্যাক্টিভিটি পরিকল্পনা করা বেশ সহজ হয়।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনি কি শ্রীমতি অপরাজিতার সঙ্গে একমত যে বাংলাতে ভাল শিশু সাহিত্য খুঁজে পাওয়া সবসময় সহজ নয়?
- বই কেনার জন্য আপনার বিদ্যালয়ে অর্থের কী ধরনের সুবিধা রয়েছে? আপনি কীভাবে এই তহবিলকে সব থেকে ভালভাবে ব্যবহার করতে পারেন?

পরবর্তী কার্যকলাপে, আপনি উচ্চ মানের শিশু সাহিত্যের বৈশিষ্ট্যগুলো খুঁটিয়ে দেখবেন।

## অ্যাক্টিভিটি 3: শিশুদের জন্য সাহিত্যের মূল্যায়ন

শিশুদের জন্য সাহিত্যের বিশাল সম্ভার আছে। আপনি এখন দুটো উদাহরণ দেখবেন: *বার্ষিক চুল কাটার দিন* (সম্পদ 1) বইটি এবং 'সাপকে বিয়ে করা মেয়েটা' (সম্পদ 2) গল্পটি।

আপনি নিজে বা আপনার সহকর্মীর সঙ্গে জোরে জোরে উভয় পাঠ্য পড়ুন। আপনি পড়ার সময়, নিচের প্রশ্নগুলো সম্পর্কে সতর্কভাবে ভাবুন:

- দুটো গল্পের মধ্যে কী কী পার্থক্য রয়েছে?
- আপনি কি একটাকে অন্যটার চেয়ে বেশি পছন্দ করেন?
- প্রতিটি পাঠ্যের ইতিবাচক বৈশিষ্ট্য কী বলে আপনি মনে করেন?

আবার *বার্ষিক চুল কাটার দিন* গল্পটা দেখুন এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দিন:

- কেন গল্পটা অনেক গল্পের মত 'অনেকদিন আগে ...' বা 'একদা একসময়ে ...' দিয়ে শুরু হয়নি?
- আপনি কি মনে করেন ছবিগুলো প্রয়োজনীয়? কেন, বা কেন নয়?
- আপনার শিক্ষার্থীরা গল্পটার কোন বিষয়গুলো পছন্দ করবে বলে আপনি মনে করেন?

আপনার ধারণাগুলো আমাদের সাথে তুলনা করুন।

*বার্ষিক চুল কাটার দিন* একটা সংক্ষিপ্ত, প্রাণবন্ত ছবির বই। চিত্রণ সমসাময়িক ও পরিচিত মানুষ ও জায়গাগুলো দেখায়। এর মধ্যে অনেকগুলো, যেমন সেলুন ও ব্যস্ত বাড়ির মত ছবিগুলোতে মজাদার বিবরণ রয়েছে, আর আলোচনা করার সময় এগুলো দেখতে আকর্ষণীয় লাগে।

যদিও পাঠ্যটাকে সহজ ও পুনরাবৃত্তিকর মনে হয়, তবে এটা নিপুণভাবে জটিল ভাষার কাঠামোর মডেল দেখায়:

> **দুঃখিত বোধ করছেন**, শৃঙ্গেরি শ্রীনিবাস বাড়ি ফিরে গেছেন...
>
> **একটু রেগে যাচ্ছেন**, শৃঙ্গেরি শ্রীনিবাস তার বন্ধুর কাছে চলে গেছেন...
>
> **একটু উদ্বিগ্ন হচ্ছেন**, শৃঙ্গেরি শ্রীনিবাস আরও একজন বন্ধুর কাছে চলে গেছেন...
>
> **কাঁদছেন**, তিনি চলে গেছেন....

*বার্ষিক চুল কাটার দিন*-এর মত বইগুলো নতুন পাঠকদের স্বাধীনভাবে পড়া শিখতে সাহায্য করার জন্য বিশেষভাবে সৃষ্টি করা হয়েছে। যত্নসহকারে নির্বাচিত পরিচিত শব্দ ও বাক্যাংশ সেগুলোর অন্তর্ভুক্ত। শিক্ষার্থীরা পাঠ্যের অর্থ বোঝার জন্য ছবিগুলোকে 'সূত্র' হিসাবে ব্যবহার করতে পারে।

যেহেতু শিক্ষার্থীরা এই ধরনের গল্প শুনতে বা পড়তে ভালবাসে, তাই তারা অন্য বইয়ে একই শব্দ ও বাক্যাংশ চিনতে শুরু করবে এবং তাদের নিজস্ব কথা ও লেখায় এই জ্ঞান প্রয়োগ করবে।

ছোট বাচ্চারা ছবিগুলো সম্বন্ধে এবং গল্পে যা ঘটছে সেই ব্যাপারে প্রশ্নের উত্তর দেওয়ার সময়, এই ধরনের গল্পগুলো তাদেরকে কথা বলতে ও শুনতে উৎসাহিত করার জন্যও সহায়ক হয়।

এই ধরনের গল্প বাচ্চাদের জন্য বন্ধুত্বপূর্ণ, কারণ এগুলো এমন একটা বিশ্বের উপস্থাপনা করে যা অল্পবয়স্ক পাঠকদের চেনার মতো। এই ধরনের গল্প শোনা ও পড়ার সন্তুষ্টি বাচ্চাদের অন্য বইয়ের প্রতি আগ্রহে অনুপ্রাণিত করবে।

এই ধরনের গল্প শোনা বা পড়ার পরে শিক্ষার্থীদের আমন্ত্রণ করা যেতে পারে:

- গল্পটাকে সম্প্রসারিত করতে (উদাহরণস্বরূপ নতুন চরিত্র বা প্রাণী যোগ করার মাধ্যমে)
- বিভিন্ন সমাপ্তি তৈরি করতে (হয়তো শৃঙ্গেরি শ্রীনিবাসকে তাঁর চুল পড়ে যাওয়ার পরে একটা পরচুলা পড়তে হবে, কারণ তার মাথা এখন ঠাণ্ডা!)
- এটা অভিনয় করে দেখাতে
- তাদের নিজস্ব গল্পের সংস্করণ বলতে বা লিখতে
- একটা অনুরূপ গল্প তৈরি করতে (উদাহরণ স্বরূপ একটা কুমির যার একটা 'বার্ষিক দাঁত মাজার দিন' রয়েছে, 'আজ আমার এতগুলো দাঁত মাজার সময় নেই!' এই বাক্যাংশটি ব্যবহার করে বারংবার)।

এখন সম্পদ 2 পড়ুন, 'সাপকে বিয়ে করা মেয়েটা'.

- এই গল্পটা কীভাবে *বার্ষিক চুল কাটার দিন*-এর থেকে পৃথক?
- কেন আপনি মনে করেন এই গল্পে ছবির কোন প্রয়োজন নেই?
- আপনি কি আপনার স্মৃতি থেকে নতুন করে এই গল্পটা আপনার শিক্ষার্থীদের বলতে পারেন?
- গল্পের মধ্যে এমন কোন জায়গা আছে কি, যেখানে আপনি কঠিন শব্দের পরিবর্তে সহজ শব্দ প্রতিস্থাপিত করতে পারেন?
- গল্পটা কি গান, অভিনয়, সংলাপ বা অতিরিক্ত চরিত্র সহ সম্প্রসারিত বা তাৎক্ষণিকভাবে উদ্ভাবিত করা যেতে পারে?
- আপনি কি মনে করেন আপনার শিক্ষার্থীরা এই গল্পটা অভিনয় করা উপভোগ করবে?

'সাপকে বিয়ে করা মেয়েটা' একটা পরম্পরাগত পঞ্চতন্ত্র কাহিনী যা 'একদা একসময়ে …' এই বাক্যাংশ দিয়ে শুরু হয়েছে – এটা সব পরম্পরাগত গল্পের ভূমিকায় থাকে এবং একটা সংকেত দেয় যে গল্পটা শুরু হচ্ছে। এটা রূপান্তরের একটা চমৎকার গল্প। এটা কোনো নির্দিষ্ট স্থান বা সময়ে ঠিক করা নয়, কিন্তু এটা আমাদের সমসাময়িক বিশ্বের মত মনে হয় না।

এটা যথেষ্ট জোরালো আবেগপ্রবণ গল্প। এটা একটু অদ্ভূত ও অস্বস্তিকর মনে হতে পারে।

এই গল্পের লেখা *বার্ষিক চুল কাটার দিন*-এর মতো সহজ নয়, ভাষাও দৈনন্দিন কথোপকথনের মতো নয়।

যখন বাচ্চারা এই গল্প শোনে, তারা জটিল বাক্য ও শব্দভাণ্ডারের সঙ্গে পরিচিত হয় যা তারা নিজেরা এখনও পড়তে পারে না। তারা একটা পরম্পরাগত গল্পের মধ্যে দিয়ে ভাষা শেখে যা ভারতীয় সাংস্কৃতিক ঐতিহ্যের অংশ।

এটা শোনার পরে শিক্ষার্থীরা যা পারে:

- গল্পটা নতুন করে বলতে
- গল্পের নিজস্ব সংস্করণ আবিষ্কার করতে
- গল্পটা অভিনয় করতে
- চরিত্রগুলোর মধ্যে সংলাপ তাৎক্ষণিকভাবে উদ্ভাবন করতে
- দৃশ্যগুলো আঁকতে বা রঙ করতে
- একটা 'প্রাক-কাহিনী' তৈরি করতে (ছেলেটা অভিশাপে সাপে পরিণত হয়েছিল?)
- গল্পটা সম্প্রসারিত করতে (মেয়েটার ও ছেলেটার কী হয়? তাদের সন্তান কী একটা সাপ?)
- বিদ্যালয় বা গোষ্ঠীর জন্য গল্পটা অভিনয় করতে।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

এই গল্প দুটির সঙ্গে সম্পর্কিত প্রশ্নগুলো পড়ে ও বিবেচনা করার পরে, আপনি কি ভাষা এবং স্বাক্ষরতা শিক্ষাদানের জন্য প্রতিটি গল্পের সুবিধাগুলি দেখতে পান?

দুটি গল্পের কোনোটাই বিদ্যালয়ের পাঠ্যবই থেকে নেওয়া নয়। দুটোই কথা বলার জন্য আকর্ষণীয় পরিস্থিতি ও ভাষা প্রদান করে। উভয় পাঠ্যই প্রসারিত ও পরিবর্তিত করা যেতে পারে, এবং বিভিন্ন ধরনের ভাষা এবং স্বাক্ষরতা কার্যকলাপের জন্য ব্যবহৃত হতে পারে।

বাচ্চাদের সঙ্গে ব্যবহার করার জন্য সাহিত্য নির্বাচনের সময় কোন জিনিসগুলি খুঁজতে হয়, সেই বিষয়ে সম্পদ 3 নির্দেশনা প্রদান করে। এখন সম্পদ 3 পড়ুন এবং আপনার শ্রেণিকক্ষে সাহিত্য সম্পদগুলো নিয়ে ভাবুন।

# 3 শ্রেণিকক্ষে গল্প ও কবিতা ব্যবহার করা

পরবর্তী কার্যকলাপে, আপনি একটা কবিতার ভাষা দেখতে পাবেন।

## অ্যাক্টিভিটি 4: কবিতার প্রশংসা করা

আপনি নিজে জোরে জোরে এই ছোটো কবিতাটা পড়ুন, বা একজন সহকর্মীর সঙ্গে জোরে জোরে পড়ুন।

**‘দিবস যদি সাঙ্গ হল’ রচনা রবীন্দ্রনাথ ঠাকুর**

দিবস যদি সাঙ্গ হল,
না যদি গাহে পাখি
ক্লান্ত বায়ু না যদি আর চলে
এবার তবে গভীর করে ফেলো গো মোরে ঢাকি
অতি নিবিড় ঘন তিমির তলে স্বপন দিয়ে গোপনে ধীরে ধীরে যেমন করে ঢেকেছ ধরণীরে,
যেমন করে ঢেকেছ তুমি মুদিয়া-পড়া আঁখি, ঢেকেছ তুমি রাতের শতদলে।

এখন এই প্রশ্নগুলোর উত্তর দিন:

- এই কবিতাটি কি আপনাকে আনন্দিত বা দুঃখিত বোধ করায়? কেন এমন হয়?
- এটা আপনাকে কী বিষয়ে ভাবায়?
- আপনি কি মনে করেন খুব ছোটো বাচ্চারাও এটার রসাস্বাদন করতে পারে? কেন, বা কেন নয়?
- আপনি এই বাক্যাংশগুলোকে কীভাবে ব্যাখ্যা করবেন ‘অতি নিবিড় ঘন তিমির তলে’, ‘স্বপন দিয়ে গোপনে ধীরে … ঢেকেছ ধরণীরে’ এবং ‘মুদিয়া-পড়া আঁখি … রাতের শতদলে’? আপনি কীভাবে আপনার শিক্ষার্থীদের কাছে সেগুলো ব্যাখ্যা করবেন?

আপনার সহকর্মীর সঙ্গে এই বাক্যাংশগুলোর ব্যাখ্যা আদানপ্রদান করুন। আপনি বা আপনার শিক্ষার্থীরা কী এইসব কাব্যিক ছবিগুলো আঁকতে বা শারীরিকভাবে মঞ্চস্থ করতে পারেন?

### চিন্তার জন্য সাময়িক বিরতি

কবিতা আবৃত্তি করে শোনানো হলে, এমনকি সবচেয়ে ছোটো বাচ্চারাও তার রসাস্বাদন করতে পারে। তারা প্রতিটি শব্দ বুঝতে পারে না, কিন্তু তারা ভাষার শব্দ ও ছন্দ শিখতে ভালবাসে। তারা এখনও যেসব শব্দ নিজেরা পড়তে সক্ষম নয় সেইসব শব্দ ও বাক্যাংশ বুঝতে শুরু করবে।

- আপনি শ্রেণিকক্ষে কোন কবিতাগুলো ব্যবহার করেছেন?
- আপনি কোনটি ব্যবহার করতে পারতেন?

শিক্ষার্থীরা উচ্চ-মানের সাহিত্য শুনলে নিজেরা এই লিখিত শব্দগুলো পড়তে প্রস্তুত হয়। এই ইউনিটের চূড়ান্ত অ্যাক্টিভিটিগুলো আপনার শিক্ষার্থীদের সাহিত্যের সাথে পরিচয় করাতে আপনাকে সহায়তা করে।

বিদ্যালয়ের সারা দিন জুড়ে অনেক মুহূর্ত রয়েছে যেখানে আপনি সার্বিক সময়সূচিকে প্রভাবিত না করেই একটা ছোটো গল্প পড়তে বা একটা কবিতা আবৃত্তি করতে পারেন।

শুরুতে এই শ্রবণমূলক কার্যকলাপের সঙ্গে কোন ভাষাগত কাজ বা লিখিত কাজ সংযুক্ত করবেন না। এগুলোকে আপনার শিক্ষার্থীদের সঙ্গে যোগাযোগের উপভোগ্য সুযোগ হয়ে উঠতে দিন।

## অ্যাক্টিভিটি 5: আপনার শ্রেণিতে একটা কবিতা পাঠ করা

1. একটা ছোটো কবিতা বেছে নিন যা আপনি ভাল জানেন। এটা মুখস্থ করুন এবং বাড়িতে বা আপনার সহকর্মীর সঙ্গে এটা আবৃত্তি করা অভ্যাস করুন।
2. শিক্ষার্থীদের কাছে বলার জন্য একটা উপযুক্ত সময় বেছে নিন। এটা বিদ্যালয় দিবসের শুরুতে, মধ্যাহ্নভোজনের আগে বা পরে, বা দিনের শেষে হতে পারে। ব্ল্যাকবোর্ডে কবিতার শিরোনাম লিখুন।
3. এটা বলার সময় আপনার শিক্ষার্থীদের চোখে চোখ রাখুন। আপনাকে কয়েকটি শব্দ ব্যাখ্যা করতে হতে পারে, বা ব্ল্যাকবোর্ডে আঁকার প্রয়োজন হতে পারে।
4. সপ্তাহের পরবর্তী কোনো সময়ে বা পরের সপ্তাহে কবিতাটা পুনরাবৃত্তি করুন, যাতে শিক্ষার্থীরা এটা জানতে পারে।
5. সম্ভাব্য অঙ্গভঙ্গি ও অভিনয় যুক্ত করে আপনার শিক্ষার্থীকে আপনার সাথে এটা আবৃত্তি করতে আমন্ত্রণ জানান।
6. অন্য দিনগুলোতে আপনাকে ছাড়া, জুটি বেঁধে বা দলবদ্ধভাবে তাদেরকে এটা আবৃত্তি করতে আমন্ত্রণ জানান। তাদের উপলব্ধি ও ভাষার আত্মবিশ্বাস পর্যবেক্ষণ করার জন্য এই সময়গুলোকে ব্যবহার করুন।

## অ্যাক্টিভিটি 6: আপনার শ্রেণিতে জোরে জোরে পড়া

একটা বই থেকে উচ্চ-মানের শিশুকাহিনী বেছে নিন। গল্পটা ভাল করে জানুন, বাড়িতে বা সহকর্মীর কাছে এটা জোরে জোরে পড়ুন।

আপনার শিক্ষার্থীদের বইটার সঙ্গে পরিচয় করান। শ্রেণিতে আপনার চারপাশে বা বাইরে একটা গাছের তলায় অর্ধ-বৃত্তাকারে তাদের বসান।

আপনার শিক্ষার্থীদের বইয়ের মলাট দেখান। তাদের জিজ্ঞাসা করুন এটা কী সম্পর্কে হতে পারে বলে তারা মনে করে। যদি মলাটে একটা অরণ্য দেখা যায়, শ্রেণির কেউ কখনও অরণ্যে গেছে কিনা ও সেটা কেমন ছিল তাদের জিজ্ঞাসা করুন। যদি এটা বৃষ্টি সম্পর্কে হয়, আপনার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন তারা বৃষ্টি ভালবাসে কি না এবং কেন। শিরোনাম পড়ুন এবং বইটা কি সম্পর্কে হতে পারে তা অনুমান করার জন্য আমন্ত্রণ জানান।

বইটা দেখান যাতে প্রত্যেকে শব্দ ও ছবিগুলো দেখতে পারে। ছোটো বাচ্চাদের ক্ষেত্রে আপনি পড়ার সময় শব্দগুলোর নিচে আঙুল রেখে সেগুলোকে অনুসরণ করতে পারেন।

ছবিগুলোর প্রতি মনোযোগ আকর্ষণ করে অভিব্যক্তির সাথে ধীরে ধীরে গল্পটি পড়ুন।

আপনার পড়া শেষ হয়ে গেলে, আপনার শিক্ষার্থীদের এই প্রশ্নগুলো করুন:

- এই গল্প সম্পর্কে তোমার কী ভাল লেগেছে?
- সেখানে কি এমন কিছু ছিল যা তোমার পছন্দ হয় নি?
- সেখানে কি এমন কিছু ছিল যা তোমায় বিভ্রান্ত করেছে? সেটা কী?

সেই সপ্তাহের পরবর্তী কোনো সময়ে বা পরের সপ্তাহে পুনরায় গল্পটা পড়ুন যাতে আপনার শিক্ষার্থীরা এটা জানতে পারে।

আপনার শিক্ষার্থীদের জুটি বেঁধে বা দলবদ্ধভাবে গল্পটা আবার বলতে বলুন। পর্যবেক্ষণ করুন কোন শিক্ষার্থীরা গল্পটা স্মরণ করতে পারল এবং কোন শিক্ষার্থীরা এটা প্রসারিত করল বা পরিবর্তন করল। কোন শিক্ষার্থীরা আগ্রহ দেখাল এবং বুঝতে পারল এবং কোন শিক্ষার্থীরা নির্লিপ্ত থাকল ও বিভ্রান্ত হল তা পর্যবেক্ষণ করুন।

আপনার শিক্ষার্থীদের এরপরে কী পড়ে শোনাতে হবে সেটা তাদের উত্তরগুলোর দ্বারা নির্দেশিত হওয়া উচিত।

আপনার শ্রেণিকক্ষে গল্প বলার প্রক্রিয়া ব্যবহারের জন্য সম্পদ 4-এ আরো পরামর্শ অন্তর্ভুক্ত রয়েছে।



ভিডিও: গল্প বলা, গান, ভূমিকা পালন এবং নাটক



চিন্তার জন্য সাময়িক বিরতি

- উপরে বর্ণিত কবিতা আবৃত্তি ও গল্প পড়ার কার্যকলাপে আপনার অভিজ্ঞতা কী ছিল?
- তাদের প্রতিটাতে আপনার শিক্ষার্থীদের প্রতিক্রিয়া কী ছিল?

যদি আপনি কখনও আপনার শিক্ষার্থীদের সামনে কবিতা আবৃত্তি করে না থাকেন বা গল্প পড়ে না থাকেন, প্রথমবারে আপনি বিচলিত হতে পারেন। কিন্তু যখন আপনি নিয়মিত আপনার পড়ানোর মধ্যে এগুলোকে অন্তর্ভুক্ত করবেন তখন আপনি ও আপনার শিক্ষার্থীরা উভয়ই এই অ্যাক্টিভিটিগুলোতে অভ্যস্ত হয়ে উঠবেন, এবং আপনার শিক্ষার্থীরা সেগুলোর জন্য অপেক্ষা করে থাকবে ও সেগুলো উপভোগ করবে –সম্ভবত শেষ পর্যন্ত তারা নিজেরাই কবিতা আবৃত্তি করতে বা গল্প পড়তে পারবে।

# 4 সারসংক্ষেপ

এই ইউনিটে আপনি শিশু সাহিত্য সম্বন্ধে আপনার জ্ঞানের নিরীক্ষণ সম্পন্ন করেছেন এবং উন্নত-মানের শিশুকাহিনীর বৈশিষ্ট্যগুলো বিবেচনা করেছেন। এছাড়াও আপনি আপনার পাঠে কবিতা আবৃত্তি করা ও গল্প বলার অনেক সুযোগ অন্তর্ভুক্ত করার কথা ভেবেছেন। যখন আপনি আপনার পড়ানোয় নিয়মিতভাবে এই ধরনের অ্যাক্টিভিটিগুলো অন্তর্ভুক্ত করেন, আপনার শিক্ষার্থীরা সেগুলো আশা করবে এবং উপভোগ করতে শুরু করবে, এবং এটা তাদের নিজেদের গল্প বা কবিতা পড়ায় অনুপ্রাণিত করবে, ফলে তাদের স্বাক্ষরতার উন্নয়নে অবদান রাখতে পারে।

# সম্পদসমূহ

## সম্পদ 1: *বার্ষিক চুল কাটার দিন*





















## সম্পদ 2: 'সাপকে বিয়ে করা মেয়েটা'

একদা এককালে একটা গ্রামে এক ব্রাহ্মণ তাঁর স্ত্রীর সঙ্গে থাকতেন। তাঁরা দুজনেই খুব দুঃখী ছিলেন, যেহেতু তাঁদের কোন সন্তান ছিল না। প্রতিদিন, তাঁরা একটা সন্তান পাওয়ার আশায় প্রার্থনা করতেন। অবশেষে তাঁরা একটা সন্তান পেলেন। ব্রাহ্মণের স্ত্রী একটা বাচ্চার জন্ম দিয়েছিলেন, কিন্তু বাচ্চাটা একটা সাপে পরিণত হয়েছিল। প্রত্যেকে আতঙ্কিত হয়ে পড়েন এবং যত তাড়াতাড়ি সম্ভব সাপটা থেকে পরিত্রাণ পাওয়ার পরামর্শ দেন।

ব্রাহ্মণের স্ত্রী অনড় থাকলেন এবং কারো কথা শুনতে অস্বীকার করলেন। তিনি সাপটাকে তাঁর ছেলে হিসাবে ভালবেসেছিলেন এবং এই বিষয়টাকে গুরুত্ব দেননি যে তাঁর সন্তান একটা সাপ। তিনি সাপটাকে ভালবাসা ও যত্ন দিয়ে লালন করেছিলেন। তিনি তাকে তাঁর পক্ষে যতটা সম্ভব ভাল খাবার খাওয়াতেন। তিনি তার ঘুমানোর জন্য একটা বাক্সের মধ্যে আরামদায়ক বিছানা করে দিয়েছিলেন। সাপটা বড় হয়ে উঠছিল এবং তার মা তাকে আরও বেশি ভালবাসত। একবার, প্রতিবেশিদের ঘরে একটা বিয়ের অনুষ্ঠান ছিল। ব্রাহ্মণের স্ত্রীও তার ছেলের বিয়ের কথা ভাবতে শুরু করলেন। কিন্তু কোন্ মেয়ে একটা সাপকে বিয়ে করবে?

একদিন, যখন ব্রাহ্মণ বাড়ি ফিরলেন তিনি দেখলেন তাঁর স্ত্রী কাঁদছেন। তিনি জিজ্ঞাসা করলেন, 'কী হয়েছে? তুমি কেন কাঁদছ?' তিনি উত্তর না দিয়ে কাঁদতে থাকলেন। ব্রাহ্মণ আবার জিজ্ঞাসা করলেন, 'আমাকে বল কেন তোমার এত কষ্ট?' অবশেষে তিনি বললেন, 'আমি

জানি তুমি আমার ছেলেকে ভালবাসো না। আমার ছেলের প্রতি তোমার কোন আগ্রহ নেই। সে বড় হয়েছে। তুমি তার বিয়ের কথা চিন্তা কর না।' ব্রাহ্মণ এই কথা শুনে আঘাত পেলেন। তিনি বললেন, 'আমাদের ছেলের জন্য পাত্রী? তুমি কি মনে কর কোনো মেয়ে একটা সাপকে বিয়ে করবে?'

ব্রাহ্মণের স্ত্রী উত্তর দিলেন না, তিনি কাঁদতে থাকলেন। একইভাবে তাঁকে কাঁদতে দেখে ব্রাহ্মণ তার ছেলের বিয়ের জন্য মেয়ে খোঁজার সিদ্ধান্ত নিলেন। তিনি অনেক জায়গায় ঘুরলেন, কিন্তু এমন কোন মেয়ে খুঁজে পেলেন না যে একটা সাপকে বিয়ে করতে প্রস্তুত। অবশেষে, তিনি একটা বড় শহরে পৌঁছলেন যেখানে তার এক বন্ধু থাকে। যেহেতু ব্রাহ্মণ অনেকদিন তার সঙ্গে দেখা করেননি তাই তাঁরা দেখা করতে সম্মত হলেন।

উভয় বন্ধুই একে অপরকে দেখে খুব খুশি হলেন এবং একসঙ্গে ভাল সময় কাটালেন। কথোপকথনের সময় বন্ধু ব্রাহ্মণকে জিজ্ঞাসা করলেন কেন তিনি সারা দেশ জুড়ে ঘুরে বেড়াচ্ছেন। ব্রাহ্মণ বললেন, 'আমি আমার ছেলের জন্য একটা পাত্রী খুঁজছি।' বন্ধু বললেন আর কোথাও যেতে হবে না এবং তাঁর মেয়ের সঙ্গে বিয়ের প্রতিশ্রুতি দিলেন। ব্রাহ্মণ উদ্বিগ্ন হলেন এবং বললেন 'আমি মনে করি এটা স্থির করার আগে তুমি আমার ছেলেকে একবার দেখে নিলে ভাল হবে।'

তার বন্ধু অস্বীকার করলেন এবং বললেন যে তিনি তার বন্ধু ও তার পরিবারকে জানেন তাই ছেলেকে দেখার প্রয়োজন নেই। ব্রাহ্মণের ছেলেকে বিয়ে করার জন্য তিনি তাঁর মেয়েকে ব্রাহ্মণের সঙ্গে পাঠিয়ে দিলেন। ব্রাহ্মণের স্ত্রী এই কথা শুনে খুশি হলেন এবং তাড়াতাড়ি বিয়ের আয়োজন করতে শুরু করে দিলেন। যখন গ্রামবাসীরা এই কথা শুনলেন তারা মেয়েটার কাছে গেলেন এবং তাকে সাপকে বিয়ে না করার জন্য সতর্ক করলেন। মেয়েটি তাদের কথা শুনতে অস্বীকার করল এবং বলল যে তাকে তার বাবার কথা রাখতেই হবে।

সেইমতো, সাপ ও মেয়েটার বিয়ে হল। মেয়েটা তার স্বামী, সাপের সঙ্গে জীবনযাপন করতে লাগল। সে ছিল অনুগত স্ত্রী এবং একজন ভাল স্ত্রীর মত সাপকে দেখাশোনা করতে লাগল। সাপ রাত্রে তার বাক্সের মধ্যে ঘুমোত। এক রাত্রে, মেয়েটা যখন ঘুমোতে যাচ্ছিল, সে দেখল একজন সুন্দর যুবক তার ঘরে। সে ভয় পেল এবং সাহায্যের জন্য দৌড়ে পালাতে যাচ্ছিল। যুবক তাকে থামাল এবং বলল 'ভয় পেও না। তুমি আমাকে চিনতে পারছ না? আমি তোমার স্বামী।'

মেয়েটা তাকে বিশ্বাস করল না। যুবকটা সাপের খোলসের মধ্যে প্রবেশ করে এবং তারপরে আবার খোলস থেকে যুবক পুরুষ হিসেবে বেরিয়ে এসে নিজের পরিচয়ের প্রমাণ দিল। মেয়েটা তার স্বামীকে মনুষ্য রূপে পেয়ে খুব খুশি হল এবং তার পায়ে লুটিয়ে পড়ল। সেই রাত থেকে প্রতি রাত্রে সাপটা তার খোলস থেকে বেরিয়ে আসত। সে ভোর পর্যন্ত তার স্ত্রীর সঙ্গে থাকত এবং তারপরে পুনরায় সাপের খোলসের মধ্যে প্রবেশ করত।

একরাতে, ব্রাহ্মণ তার পুত্রবধূর ঘর থেকে একাধিক কন্ঠস্বর শুনতে পেল। তিনি লক্ষ্য রাখলেন এবং দেখলেন সাপটা এক যুবকে পরিণত হল। তিনি দৌড়ে ঘরে গেলেন ও সাপের খোলস নিলেন এবং আগুনে ছুড়ে ফেললেন। যুবক বলল, 'বাবা, ধন্যবাদ। একটা অভিশাপের জন্য আমাকে ততক্ষণ সাপ হয়ে থাকতে হত যতক্ষণ না কেউ আমার অনুমতি না নিয়ে খোলসটা পুড়িয়ে ফেলে। আজ, তুমি সেটাই করেছ। এখন আমি এই অভিশাপ থেকে মুক্ত।' এইভাবে, যুবক আর কখনও সাপ হয়নি এবং তার স্ত্রীর সঙ্গে সুখে জীবনযাপন করতে লাগল।

## সম্পদ 3: শ্রেণিকক্ষের জন্য শিশু সাহিত্য বেছে নেওয়া

শিক্ষার্থীদের বিভিন্ন থিমের বিভিন্ন ধরনের আকর্ষণীয় গল্প ও কবিতার সঙ্গে পরিচিত করানো খুবই গুরুত্বপূর্ণ।

1. ছোট বাচ্চাদের জন্য বই ও কবিতাগুলো তাদেরকে সাহায্য করতে পারে:

- অক্ষর, পরিচিত শব্দ ও বাক্যাংশগুলো চিনতে শিখতে
- শব্দ অনুমান ও ব্যাখ্যা করার জন্য ছবির ব্যবহার শিখতে
- শব্দ ও বাক্যের ধরণ শেখা যা তারা তাদের অন্য পাঠে প্রয়োগ করতে পারে
- ঠক হিসাবে আত্মবিশ্বাস অর্জন করতে।

ছোটো বাচ্চাদের জন্য উপযুক্ত পাঠ্য নির্বাচন করার ক্ষেত্রে আপনার নিম্নলিখিতগুলো সন্ধান করা উচিত:

- রিচিত পরিস্থিতি, যেমন বাড়ি বা গোষ্ঠী অ্যাক্টিভিটি
- নকশা ও অনুক্রম, যেমন সংখ্যা, সপ্তাহের দিন, আবহাওয়া বা দৈনিক রুটিন
- বৈচিত্র সহ পুনরাবৃত্তিকর শব্দ ও বাক্যাংশ
- শব্দ ও ছবির মধ্যে একটা শক্তিশালী সাদৃশ্য
- শিক্ষার্থীদের আলোচনা করার জন্য আকর্ষণীয় ছবি (ফটোগ্রাফ, ছবি বা অঙ্কণ)
- শিক্ষার্থীদের মনোযোগ বজায় রাখা এবং তাদেরকে নিজেরা পাঠ্যটি পড়তে উৎসাহিত করার জন্য স্বল্প দৈর্ঘ্য।

2. বই ও কবিতাগুলো বড় বাচ্চাদের নিম্নলিখিতগুলোর ক্ষেত্রে সাহায্য করতে পারে:
   - উচ্চ-স্তরের শব্দভাণ্ডার ও বাক্যাংশের ব্যবহার শিখতে
   - গল্প ও পড়ার ক্ষমতা বুঝতে
   - তাদের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে জানতে
   - দ্বিধা ও সমস্যা সম্বন্ধে উপলব্ধি বিকশিত করতে।

   বড় বাচ্চাদের জন্য উপযুক্ত পাঠ্য নির্বাচন করার ক্ষেত্রে আপনার নিম্নলিখিতগুলো সন্ধান করা উচিত:

   - উত্তেজনাপূর্ণ বর্ণনা ও আকর্ষণীয় চরিত্র
   - নাটক, সংঘাত ও সমাধান, ভ্রমণ, বা রূপান্তর
   - রসাল বা আকর্ষণীয় সংলা
   - বাচ্চাদের চিন্তাভাবনা করার সুযোগ
   - গুরুত্বপূর্ণ বার্তা।

# সম্পদ 4: গল্প বলা, গান, চরিত্রে অভিনয় এবং নাটক

সক্রিয়ভাবে শেখার অভিজ্ঞতায় নিয়োজিত হলে শিক্ষার্থীরা সব থেকে ভাল শেখে। আপনার শিক্ষার্থীরা অন্যদের সাথে কথা বলে এবং তাদের ধারণা ভাগ করে নিয়ে কোন বিষয়ে তাদের বোঝাকে গভীর করতে পারে। গল্প বলা, গান, চরিত্রে অভিনয় এবং নাটক করা হল কিছু পদ্ধতি যা গণিতশাস্ত্র ও বিজ্ঞানসহ পাঠ্যক্রমের ক্রমবিন্যাস জুড়ে ব্যবহার করা যেতে পারে।

## গল্প বলা

গল্প আমাদের জীবনকে বুঝতে সাহায্য করে। অনেক ঐতিহ্যবাহী গল্প প্রজন্ম থেকে প্রজন্মে সঞ্চালিত হয়েছে। আমাদের ছোটবেলায় সেগুলো আমাদেরকে বলা হয়েছিল এবং সেগুলো আমরা যে সমাজে জন্মগ্রহণ করেছি তার কিছু নিয়মকানুন ও মূল্যবোধ ব্যাখ্যা করে।

শ্রেণিকক্ষে গল্প একটা খুব শক্তিশালী মাধ্যম: সেগুলো হতে পারে:

- বিনোদনমূলক, উত্তেজনাপূর্ণ ও উদ্দীপকমূলক
- দৈনন্দিন জীবন থেকে আমাদেরকে কল্পনার জগতে নিয়ে যায়

- চ্যালেঞ্জিং
- নতুন ধারণা সম্পর্কে চিন্তা উদ্রেককারী
- অনুভূতি অন্বেষণে সহায়ক
- বাস্তবতা থেকে বিচ্ছিন্ন এবং তাই কম ঝুঁকিপূর্ণ এমন পরিস্থিতিতে সমস্যা সম্পর্কে চিন্তা করতে সাহায্য করে।

আপনি যখন গল্প বলেন, তখন শিক্ষার্থীদের চোখে চোখ রাখা নিশ্চিত করতে হবে। উদাহরণস্বরূপ, আপনি বিভিন্ন চরিত্রের জন্য বিভিন্ন গলার স্বর ব্যবহার করলে ও উপযুক্ত সময়ে ফিসফিস করে বা চেঁচিয়ে গলার স্বর ও ধ্বনির ওঠানো নামানো করলে তারা তা উপভোগ করবে। গল্পের গুরুত্বপূর্ণ ঘটনা অভ্যাস করুন, যাতে আপনি আপনার নিজের ভাষায়, কোন বই ছাড়াই, মুখে মুখে এটা বলতে পারেন। শ্রেণিকক্ষে গল্পটা প্রাণবন্ত করতে আপনি সাজসরঞ্জাম যেমন বস্তু বা জামাকাপড় আনতে পারেন। আপনি কোন গল্প পরিচয় করিয়ে দেবার সময়, তার উদ্দেশ্য ব্যাখ্যা করতে ভুলবেন না ও শিক্ষার্থীরা কি শিখতে পারে সেই বিষয়ে তাদের সচেতন করবেন। আপনাকে মূল শব্দভান্ডার পরিচয় করিয়ে দেবার বা গল্পের ভিত্তি নির্মাণকারী ধারণা সম্পর্কে তাদেরকে জানানোর দরকার হতে পারে। আপনি বিদ্যালয়ে একজন ঐতিহ্যবাহী গল্প কথক নিয়ে আসার কথা বিবেচনা করতে পারেন, কিন্তু মনে রাখবেন, কী শেখা হবে তা গল্পকথক এবং শিক্ষার্থী – উভয়ের কাছেই স্পষ্ট হওয়া নিশ্চিত করতে হবে।

শোনা ছাড়াও গল্প বলা শিক্ষার্থীদের একাধিক কার্যকলাপে উৎসাহিত করতে পারে। শিক্ষার্থীদেরকে গল্পে উল্লেখ করা সব রঙ নোট করতে, ছবি আঁকতে, গুরুত্বপূর্ণ ঘটনা স্মরণ করতে, সংলাপ তৈরি করতে বা শেষটা পরিবর্তন করতে বলতে পারেন। তাদেরকে গ্রুপে ভাগ করা যেতে পারে এবং অন্য দৃষ্টিকোণ থেকে গল্পটা বলতে তাদেরকে ছবি বা সাজসরঞ্জাম দেওয়া যেতে পারে। কোন গল্প বিশ্লেষণ করে, শিক্ষার্থীদের কথাসাহিত্য থেকে বাস্তবতা শনাক্ত করতে, ঘটনার বৈজ্ঞানিক ব্যাখ্যা নিয়ে বিতর্ক করতে বা গাণিতিক সমস্যার সমাধান করতে বলা যেতে পারে।

শিক্ষার্থীদেরকে তাদের নিজস্ব গল্প তৈরি করতে বলা একটা দারুণ শক্তিশালী উপায়। কাজ করার জন্য আপনি তাদেরকে কাঠামো, বিষয়বস্তু ও ভাষা প্রদান করলে, শিক্ষার্থীরা তাদের নিজস্ব গল্প বলতে পারবে, এমনকি তা গণিতশাস্ত্র এবং বিজ্ঞানের বেশ কঠিন ধারণা সম্পর্কেও হতে পারে। কার্যত তারা ধারণা দিয়ে নাড়াচাড়া করে, মানে অন্বেষণ করে ও তাদের গল্পের রূপকের মাধ্যমে বিমূর্ত ধারনাকে বোধগম্য করে।

## গান

শ্রেণিকক্ষে গান এবং মিউজিকের ব্যবহার বিভিন্ন শিক্ষার্থীকে অবদান রাখতে, সফল হতে এবং উৎকর্ষ অর্জন করার সুযোগ প্রদান করতে পারে। একসঙ্গে গান গাওয়ায় বন্ধনে আবদ্ধ থাকার প্রভাব রয়েছে এবং তা সমস্ত শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত বোধ করতে সাহায্য করে, কারণ এক্ষেত্রে ব্যক্তিগত কর্মসম্পাদন ক্ষমতার উপর আলোকপাত করা হয় না। গানের ছড়া ও ছন্দ সেগুলোকে মনে রাখতে সাহায্য করে এবং ভাষা ও কথার উন্নয়নে সহায়তা করে।

আপনি নিজে একজন আত্মবিশ্বাসী গায়ক নাও হতে পারেন কিন্তু শ্রেণিতে ভাল গায়ক রয়েছে সে ব্যাপারে আপনি নিশ্চিত এবং আপনাকে সাহায্যের জন্য তাকে ডাকতে পারেন। আপনি গানকে প্রাণবন্ত করা ও অর্থ বহন করতে সাহায্যের জন্য চলন ও অঙ্গভঙ্গি ব্যবহার করতে পারেন। আপনার জানা কোনো গান আপনি ব্যবহার করতে পারেন এবং আপনার উদ্দেশ্য অনুযায়ী মানানসই শব্দ পরিবর্তন করতে পারেন। তথ্য মনে রাখা ও ধরে রাখার আরেকটি কার্যকরী উপায় হল গান – এমনকি সূত্র ও তালিকাকেও গান ও কবিতায় বিন্যস্ত করা যেতে পারে। আপনার শিক্ষার্থীরা পড়া ঝালাই করার উদ্দেশ্যে গান ও স্লোগান তৈরিতে বেশ উদ্ভাবনী হতে পারে।

## চরিত্রে অভিনয়

চরিত্রে অভিনয় হল শিক্ষার্থীরা অভিনয় করার জন্য যখন কোনো চরিত্র পায়, এবং কোন ছোটো দৃশ্যকল্পে তারা যখন কথা বলে ও অভিনয় করে তখন তারা সেই চরিত্রের আচরণও করে দেখায়। কোন স্ক্রিপ্ট প্রদান করা হয় না কিন্তু এটা গুরুত্বপূর্ণ যে, শিক্ষার্থীদের সেই চরিত্র অনুমান করতে সক্ষম হতে শিক্ষক কর্তৃক যথেষ্ট তথ্য প্রদান করা হয়। যে শিক্ষার্থীরা চরিত্র মঞ্চস্থ করছে, তাদেরকে তাদের চিন্তাভাবনা ও অনুভূতিকে স্বতঃস্ফূর্তভাবে প্রকাশ করার ক্ষেত্রে উৎসাহিত করা উচিত।

চরিত্রে অভিনয়ের অনেক সুবিধা রয়েছে, কারণ এটা:

- অন্য ব্যক্তির অনুভূতি বুঝতে পেরে, নিজের ক্ষেত্রে বাস্তব-জীবনের পরিস্থিতি অন্বেষণ করে।
- সিদ্ধান্ত গ্রহণের দক্ষতার উন্নয়নে সাহায্য করে
- শিক্ষার্থীদেরকে শেখায় সক্রিয়ভাবে যুক্ত করে ও সমস্ত শিক্ষার্থীকে তাতে সংযুক্ত রাখতে সক্ষম করে
- উচ্চস্তরের চিন্তাভাবনার প্রসার ঘটায়।

চরিত্রে অভিনয় অল্পবয়স্ক শিক্ষার্থীদের বিভিন্ন সামাজিক পরিস্থিতিতে কথা বলতে আত্মবিশ্বাস বাড়ায়, উদাহরণস্বরূপ, কোন দোকানে কেনাকাটা করা, কোন পর্যটককে স্থানীয় স্মৃতিসৌধে যাওয়ার দিক নির্দেশ দেওয়া, বা টিকিট কাটা। আপনি কিছু সরঞ্জাম ও সংকেত সহ সাধারণ দৃশ্য সেট আপ করতে পারেন যেমন 'ক্যাফে', 'ডাক্তারের চেম্বার' বা 'গ্যারেজ'। আপনার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন, 'এখানে কে কাজ করে?', 'তারা কী বলেন?' এবং 'আমরা তাদের কী জিজ্ঞাসা করি?', এবং তাদের ভাষা ব্যবহার পর্যবেক্ষণ করে এই অঞ্চলের চরিত্রের আদান প্রদানে তাদের উৎসাহিত করুন।

চরিত্রে অভিনয় বড় শিক্ষার্থীদের বাস্তব জীবনের দক্ষতা বিকশিত করতে পারে। উদাহরণস্বরূপ, শ্রেণিতে কীভাবে দ্বন্দ্ব সমাধান করতে হবে তা অন্বেষণ করতে পারেন। আপনার বিদ্যালয় বা আপনার সম্প্রদায় থেকে প্রকৃত ঘটনা ব্যবহার না করে বরং আপনি অনুরূপ কিন্তু আলাদা দৃশ্যকল্প, যা একই সমস্যার বিবরণ দেয়, বর্ণনা করতে পারেন। শিক্ষার্থীদের চরিত্র ঠিক করে দিন বা তাদের নিজেদের জন্য একটা বেছে নিতে বলুন। আপনি তাদের পরিকল্পনার জন্য সময় দিতে পারেন বা অবিলম্বে চরিত্রে অভিনয় করতে বলতে পারেন। চরিত্রে অভিনয় শ্রেণিতে সম্পাদনা করা যেতে পারে, বা শিক্ষার্থীরা ছোট গ্রুপে কাজ করতে পারে যাতে করে কোন গ্রুপকেই পর্যবেক্ষণ করা না হয়। মনে রাখবেন, এই কার্যকলাপের উদ্দেশ্য চরিত্র অভিনয় ও এটা যা বিবরণ দেয় তার অভিজ্ঞতা লাভ করা; আপনি মার্জিত অভিনয় খুঁজছেন না বা বলিউড অভিনেতাদের পুরস্কার দিচ্ছেন না।

বিজ্ঞান ও গণিতেও চরিত্রাভিনয় ব্যবহার করা সম্ভব। শিক্ষার্থীরা পরমাণুর আচরণ, একে অপরের সাথে কথাবার্তায় কণার বৈশিষ্ট্য গ্রহণ করা বা তাদের তাপ বা আলোর প্রভাব প্রদর্শনে আচরণ পরিবর্তন মডেল করতে পারে। গণিতশাস্ত্রে, শিক্ষার্থীরা কোন ও আকারের গুণাবলী এবং তাদের সমাহার আবিষ্কার করতে তাদের ভূমিকা পালন করতে পারে।

## নাটক

শ্রেণিকক্ষে নাটকের ব্যবহার হল বেশীরভাগ শিক্ষার্থীদের অনুপ্রাণিত করার ভাল কৌশল। নাটক দক্ষতা ও আত্মবিশ্বাসের গড়ে তোলে, এবং আপনার শিক্ষার্থীরা কোন বিষয় সম্পর্কে কী বুঝেছে তা মূল্যায়ন করতে ব্যবহার করা যেতে পারে। মস্তিষ্ক কীভাবে কাজ করে সে সম্পর্কে শিক্ষার্থীদের বোধগম্যতার জন্য একটা নাটকে মিছামিছি টেলিফোন ব্যবহার করতে পারেন, যেখানে দেখানো হবে মস্তিষ্ক থেকে বার্তা কীভাবে কান, চোখ, নাক, হাত ও মুখে যায়, এবং ফেরত যায়। অথবা

সংখ্যা বিয়োগ করা ভুলে যাওয়ার কি ভয়ানক পরিণতি হতে পারে তার উপরে একটা সংক্ষিপ্ত, মজার নাটক শিশুদের মনে সঠিক পদ্ধতিটি গেঁথে দিতে পারে।

শ্রেণিতে, বিদ্যালয়ে এবং স্থানীয় জনগোষ্ঠীতে প্রদর্শন করার জন্য প্রায়ই নাটক করা হয়। এটা শিক্ষার্থীদের কাজ করার জন্য এবং তাদেরকে অনুপ্রাণিত করার জন্য একটা উদ্দেশ্যের হদিশ দেয়। কোন নাটক মঞ্চস্থ করার সৃষ্টিশীল প্রক্রিয়ায় পুরো শ্রেণি অন্তর্ভুক্ত থাকা উচিত। আত্মবিশ্বাসের মাত্রার পার্থক্য বিবেচনা করা গুরুত্বপূর্ণ। সবাইকে অভিনেতা হতে হবে না; শিক্ষার্থীরা অন্য উপায়ে অবদান রাখতে পারে (আয়োজন, পোশাক, সাজসরঞ্জাম, মঞ্চে হাত লাগানো), যা তাদের প্রতিভা এবং ব্যক্তিত্বের সঙ্গে আরো ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত হতে পারে।

আপনার শিক্ষার্থীদের শিখতে সাহায্যের জন্য কেন আপনি নাটক ব্যবহার করছেন এটা বিবেচনা করা গুরুত্বপূর্ণ। এটা কি ভাষা উন্নত করার জন্য (উদা. প্রশ্ন জিজ্ঞাসা করা ও প্রশ্নের উত্তর দেওয়া), বিষয়ের জ্ঞান সম্পর্কে (উদা. খনির পরিবেশগত প্রভাব), বা নির্দিষ্ট দক্ষতা গড়ে তোলার জন্য (উদা. দলগত কাজ)? প্রদর্শনের লক্ষ্যে যাতে নাটকের শেখার উদ্দেশ্য হারিয়ে না যায় সে বিষয়ে সতর্ক থাকবেন।

# অতিরিক্ত সম্পদসমূহ

- There are a number of fiction and non-fiction books for children in the NCERT catalogue, in both Hindi and English, which may be used in activities similar to those described in this unit: http://www.ncert.nic.in/publication/children_books/children_books.html
- A list of children's literature recommended by the Department of Elementary Education in both Hindi and English can be found here on their website: http://www.ncert.nic.in/departments/nie/dee/publication/Print_Material.html
- Other organisations producing literature for children include Room to Read India (http://www.roomtoread.org/Page.aspx?pid=304) and Pratham Books (http://www.prathamusa.org/programs/library, http://blog.prathambooks.org/2010/10/childrens-literature-from-india-and.html)
- Traditional Indian stories: http://www.indiaparenting.com/stories/index.shtml#77
- Indian fables: http://excellup.com/kidsImage/panchtantra/panchatantra_list.aspx
- Satyajit Roy Samagra — Satyajit Roy
- Film Pather Panchali–Satyajit Roy
- Kakababu Samagra–Sunil gangopadhaya
- Gupi Gayen Bagha Bayen–Satyajit Roy

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Chambers, A. (2011) *Tell Me: Children, Reading and Talk with The Reading Environment*. Stroud: Thimble Press.

Cremin, T., Mottram, M., Collins, F., Powell, S. and Safford, K. (2009) *Teachers as Readers: Building Communities of Readers 2007-08 Executive Summary*. The United Kingdom Literacy Association. Available from: http://www.ukla.org/downloads/teachers_as_readers.pdf (accessed 18 November 2014).

Dasgupta A. (1995) *Telling Tales: Children's Literature in India*. London: Taylor and Francis.

Duursma, E., Augustyn, M., Zuckerman, B. (2008) 'Reading aloud to children: the evidence', *Archives of Disease in Childhood*, vol. 93, no. 7, pp. 554–7. Available from: http://www.reachoutandread.org/FileRepository/ReadingAloudtoChildren_ADC_July2008.pdf (accessed 18 November 2014).

Gamble, N. (2013) *Exploring Children's Literature: Reading with Pleasure and Purpose*. London: Sage Publications.

Phinn, G. (2009) *Teaching Poetry in the Primary Classroom*. Cambridge: Cambridge University Press.

# কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে গ্রহণ না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

সম্পদ 1: *বার্ষিক চুল কাটার দিন*, ননী দ্বারা রচিত, অ্যাঞ্জি ও উপেশ কর্তৃক চিত্রিত, © Pratham Books. http://creativecommons.org/licenses/by-nc-sa/2.5/in/এর অধীনে পেতে পারেন।) Resource 1: *Annual Haircut Day*, written by Noni, illustrations by Angie and Upesh, © Pratham Books. Made available under http://creativecommons.org/licenses/by-nc-sa/2.5/in/ (

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বোতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।